দৈনিক বাংলা

তারিখ ১৫/২/৬২
পৃষ্ঠা ........ কলাম ........

090

# ঢাকা জেলায় ৩২টি খাল কাটার কাজ এগিয়ে চলেছে

(নিজস্ব সংবাদদাতা)

মানিকগঞ্জ ১০ই ফেব্রুয়ারী।— স্বেচ্ছাশ্রমের ভিত্তিতে ঢাকা জেলায় বর্তমানে ৩২টি খাল পুনঃখননের কাজ দ্রুত এগিয়ে চলেছে। সাধারণ শ্রমজীবিদের সাথে খাল খননে ছাত্র শিক্ষক ও সমাজকর্মীরা যোগ দিয়েছেন।

উল্লেখ থাকে যে এবার ঢাকা জেলার ৬টি মহকুমায় ৩৭টি খাল খনন ও পুনঃখনন করা হবে। এসব খালের খননের দৈর্ঘ হবে ১৩২ মাইল। আগামী মার্চ মাসের মধ্যে এসব খাল খননের কাজ শেষ হবার কথা।

খাল খনন কর্মসূচী সফল হলে জেলার ৬টি মহকুমায় ১ লাখ ৭৭ ৪০ একর জমি সেচ সুবিধা পাবে। এতে প্রায় ৮৩৩টি পাম্প মেশিন চলবে। বছরে ৩টি ফসল ফলাবে। এ থেকে প্রতি মওসুমে ৩ লাখ ৮০ হাজার ৭১৪ মন অতিরিক্ত ফসল পাওয়া যাবে।